

# পশ্চিমবঙ্গ সরকার

সমষ্টি উন্নয়ন আধিকারিকের করণ  
কৃষ্ণগঞ্জ সমষ্টি উন্নয়ন  
কৃষ্ণগঞ্জ, নদীয়া

## আশা কর্মী নিয়োগের বিজ্ঞপ্তি

পত্রাঙ্ক: ১১৯৬

তারিখ: ১২.০৫.২০২২

Additional Mission Director, NHM & Jt. Secretary, H&FW Department, Government of West Bengal এর ৩১-০৩-২০২২ তারিখের পত্র নম্বর HFW-27011/3752018-NHM SEC – Dept. of H&FW/Pt-I/1113এর আদেশনামা অনুযায়ী নদীয়া জেলার অন্তর্গত কৃষ্ণগঞ্জ ব্লকের কৃষ্ণগঞ্জ ও শিবনিবাস গ্রাম পঞ্চায়েতের বিভিন্ন উপস্বাস্থ্য কেন্দ্রের অন্তর্গত বিভিন্ন গ্রামের বিভিন্ন পরিষেবা এলাকার দুই জন “আশা কর্মী” নিয়োগের উদ্দেশ্যে সংশ্লিষ্ট গ্রামের সেই পরিষেবা এলাকায় বসবাসকারী মহিলা প্রার্থীদের কাছ থেকে নির্দিষ্ট বয়ানের (সারণী – ১ দ্রষ্টব্য) দরখাস্ত আহ্বান করা হচ্ছে।

শূন্য পদের বিবরণ					
ব্লক	গ্রাম পঞ্চায়েত	উপস্বাস্থ্য কেন্দ্র	শূন্য পদ	যে গ্রামের (পরিষেবা এলাকা) (Service Area) স্থায়ী বাসিন্দা হতে হবে	সংরক্ষণের বিবরণ
কৃষ্ণগঞ্জ	কৃষ্ণগঞ্জ	শোনঘাটা	১	চৌগাছা বাগপাড়া	তপশিলী জাতি
	শিবনিবাস	তারকনগর	১	তারকনগর চাটুপাড়া	তপশিলী জাতি

- কেবল মাত্র বিবাহিতা / বিধবা / আদালত কর্তৃক ডিক্রিমূলে বিবাহ বিচ্ছিন্না মহিলারা আবেদন করতে পারেন।
- আগ্রহী প্রার্থীকে অবশ্যই সংশ্লিষ্ট গ্রামের সংশ্লিষ্ট সাব সেন্টারের পরিষেবা এলাকা (Service Area) স্থায়ী বাসিন্দা হতে হবে। প্রমাণ স্বরূপ সাম্প্রতিক নির্বাচক তালিকা অনুসারে প্রার্থীকে তার EPIC ও রেশন কার্ডের প্রত্যায়িত নকল অবশ্যই জমা দিতে হবে।
- সাধারণ প্রার্থীর বয়স ১২.০৫. ২০২২ তারিখে ৩০ বছর থেকে ৪০ বছরের মধ্যে হতে হবে। তপশিলি জাতি ও উপজাতি ভুক্ত প্রার্থীদের ক্ষেত্রে বয়সসীমা ২২ বছর থেকে ৪০ বছরের মধ্যে হতে হবে।
- প্রার্থীকে অবশ্যই মাধ্যমিক বা সমতুল্য পরীক্ষায় উত্তীর্ণ অথবা মাধ্যমিক বা সমতুল্য পরীক্ষায় অবতীর্ণ (Appeared) হতে হবে। এক্ষেত্রে মাধ্যমিক বা সমতুল্য পরীক্ষায় প্রাপ্ত নম্বর বিচার করা হবে। উচ্চতর শিক্ষাগত যোগ্যতা থাকা প্রার্থীদের উচ্চ শিক্ষার জন্য কোন মূল্যায়ণ বা বিবেচনার সুবিধা থাকবে না।
- উপরিউক্ত যোগ্যতা সম্পন্ন প্রার্থীদের মধ্যে, গ্রেড ওয়ান এবং গ্রেড – টু স্বনির্ভর গোষ্ঠীর সদস্য, প্রশিক্ষণ প্রাপ্ত ধাই এবং লিঙ্ক ওয়ার্কারগণ সংশ্লিষ্ট বিভাগীয় শংসাপত্র দাখিল করলে অগ্রাধিকার বিবেচনার সুবিধা থাকবে।
- সাব সেন্টার সন্নিহিত পরিষেবা এলাকার ২০১১ সালের আর্থসামাজিক বর্ণসুমারী প্রক্ষেপণ করে তপশিলি জাতি / উপজাতি অধ্যুষিত রূপে ঘোষিত ক্ষেত্রে তপশিলি জাতি ও উপজাতি শংসাপত্র দাখিল করলে সংরক্ষণের জন্যে বিবেচিত হবেন।

৭. আবেদনের সঙ্গে নিম্নলিখিত প্রমাণ পত্রের প্রত্যেকটির স্বপ্রত্যায়িত প্রতিলিপি জমা দিতে হবে। প্রযোজ্য প্রমাণ পত্রগুলির যে কোন একটি আবেদন পত্রের সঙ্গে সংযুক্ত না থাকলে আবেদনপত্রটি গ্রাহ্য হবে না।
- ক. জন্ম তারিখের শংসাপত্র বা মাধ্যমিক বা সমতুল্য পরীক্ষার এডমিট কার্ড / সার্টিফিকেট।
- খ. মাধ্যমিক বা সমতুল্য পরীক্ষায় উত্তীর্ণ বা অনুত্তীর্ণ হওয়ার মার্ক শিট।
- গ. এলাকার বাসিন্দা হিসেবে ভোটার পরিচয় পত্র (EPIC) / রেশন কার্ড।
- ঘ. উপযুক্ত কর্তৃপক্ষের দেওয়া জাতি গত প্রমাণ পত্র (কেবলমাত্র তপশিলি জাতি ও উপজাতি ভুক্ত প্রার্থীদের ক্ষেত্রে প্রযোজ্য)।
- ঙ. প্রার্থীর স্বাক্ষর সহ ২ কপি পাসপোর্ট সাইজ ফটো।
- চ. উপযুক্ত কর্তৃপক্ষের দেওয়া গ্রেড - ১ এবং গ্রেড - ২ স্বনির্ভর গোষ্ঠীভুক্ত সদস্য / প্রশিক্ষণ প্রাপ্ত ধাই / লিঙ্ক ওয়ার্কার সংক্রান্ত প্রমাণ পত্র (প্রযোজ্য হলে)।
- ছ. উপযুক্ত কর্তৃপক্ষ কর্তৃক স্বীকৃত বিবাহ বিছিন্না মহিলা হওয়ার প্রমাণ পত্র।
- জ. বিবাহিতা / বিধবা প্রার্থীর ক্ষেত্রে উপযুক্ত প্রমাণপত্রের নথিপত্র।

নিয়োগের পূর্বে প্রার্থীকে অবশ্যই জমাকৃত প্রমাণ পত্রের আসল দেখাতে হবে।

৮. উপরিউক্ত শর্ত পূরণকারী প্রার্থীদের সাক্ষাতের তারিখ, সময়, স্থান পত্রমারফত প্রার্থীদের ঠিকানায় ডাকযোগে জানানো হবে।
৯. অসম্পূর্ণ ও ত্রুটিপূর্ণ আবেদন খারিজ হবে এবং পরবর্তীকালে অনুরোধ - উপরোধ গ্রাহ্য হবে না।
১০. আবেদনপত্র জমা দেওয়ার স্থান কৃষ্ণগঞ্জ সমষ্টি উন্নয়ন আধিকারিকের করণ, কৃষ্ণগঞ্জ, নদীয়া (বি. ডি. ও. অফিস)
১১. আবেদনপত্র জমা দেওয়ার শেষ তারিখ ০২-০৬-২০২২ বিকেল ৩ টা পর্যন্ত (শনিবার, রবিবার ও সরকারী ছুটির দিন ব্যতীত)।




*H. J. S. / m.*  
সমষ্টি উন্নয়ন আধিকারিক  
কৃষ্ণগঞ্জ উন্নয়ন আধিকারিকের করণ  
কৃষ্ণগঞ্জ, নদীয়া  
Block Development Officer  
Krishnaganj Development Block  
Krishnaganj, Nadia

পত্রাঙ্ক: ১১৯৬/১(১৩)

অবগতির এবং ব্যাপক প্রচারের জন্যে প্রতিলিপিটি প্রেরিত হল -

১. মাননীয় জেলাশাসক, নদীয়া
২. মাননীয়, অতিরিক্ত জেলাশাসক (সাধারণ), নদীয়া
৩. মাননীয় মহকুমা শাসক, সদর, কৃষ্ণগঞ্জ, নদীয়া
৪. মাননীয় ডি. পি. এইচ. এন. ও, নদীয়া
৫. মাননীয় ডি. পি. ও. (আই. সি. ডি. এস.), নদীয়া
৬. মাননীয় সভাপতি, কৃষ্ণগঞ্জ পঞ্চায়েত সমিতি, কৃষ্ণগঞ্জ, নদীয়া
৭. মাননীয় কর্মাধ্যক্ষ, জন স্বাস্থ্য ও পরিবেশ স্থায়ী সমিতি, কৃষ্ণগঞ্জ পঞ্চায়েত সমিতি, কৃষ্ণগঞ্জ, নদীয়া।
৮. মাননীয় ব্লক স্বাস্থ্য আধিকারিক, কৃষ্ণগঞ্জ, নদীয়া
৯. মাননীয় শিশু বিকাশ প্রকল্প আধিকারিক, কৃষ্ণগঞ্জ, নদীয়া
১০. মাননীয় প্রধান, কৃষ্ণগঞ্জ গ্রাম পঞ্চায়েত।
১১. মাননীয় প্রধান, শিবনিবাস গ্রাম পঞ্চায়েত।
১২. মাননীয় জেলা তথ্য আধিকারিক, নদীয়া, এ বিজ্ঞপ্তিটিকে জেলা ওয়েবসাইট এ আপলোড করার জন্য অনুরোধ করা হচ্ছে।
১৩. সম্পাদক, .....



  
 সমষ্টি উন্নয়ন আধিকারিক  
 কৃষ্ণগঞ্জ উন্নয়ন আধিকারিকের কার্য  
 কৃষ্ণগঞ্জ, নদীয়া  
**Block Development Officer**  
**Krishnaganj Development Block**  
**Krishnaganj, Nadia**